সমকাল

তারিখ 16 JAN 2016
৭ পৃ কলাম ৬

# মাদ্রাসা নিয়ন্ত্রণে আইন করার চেষ্টা চলছে

## —— চরমোনাই পীর

■ খুলনা ব্যুরো

ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির ও চরমোনাই পীর মুফতি সৈয়দ মুহাম্মদ রেজাউল করীম বলেছেন, দেশের মাদ্রাসাগুলো নিয়ন্ত্রণের পৃথক আইন করার চেষ্টা চলছে। সংবিধান থেকে আল্লাহর ওপর আস্থা ও বিশ্বাস উঠিয়ে দেওয়া হয়েছে। মুসলমানদের ওপর নানা রকমভাবে আঘাত আসছে। এ অবস্থায় ইসলামবিরোধী শক্তির মোকাবেলায় আলেমদের দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। তিনি গতকাল শুক্রবার বিকালে নগরীর গোয়ালখালী জাম্মিয়া রাশিদিয়া মাদ্রাসায় ওলামা ও সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। ইসলামী আন্দোলনের খুলনা মহানগর সভাপতি মাওলানা মুজ্জামিল হকের ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৭

## মাদ্রাসা নিয়ন্ত্রণে

[১৯ পৃষ্ঠার পর]

সভাপতিত্বে ও নগর সেক্রেটারি শেখ মো. নাসির উদ্দিনের পরিচালনায় সভায় প্রধান বক্তা ছিলেন ইসলামিক রিসার্চ সেন্টারের পরিচালক শাইখুল হাদীস মুফতি মিজানুর রহমান সাইদ।

বিশেষ অতিথি ছিলেন ইসলামী আন্দোলনের প্রেসিডিয়াম সদস্য ডা. মুখতার হুসাইন, মাওলানা আবদুল আউয়াল, যুগ্ম মহাসচিব মাহবুবুর রহমান, মোঃ সাইফুল ইসলাম। আরও বক্তব্য রাখেন মাওলানা মোজাফ্ফার হুসাইন, মো. আমজাদ হোসেন, মুফতি মাহবুবুর রহমান, ইমরান হুসাইন, মুফতি আমানুলস্নাহ, ইঞ্জিনিয়ার এজাজ মানসুর, মো. গোলাম মোস্তফা সজীব মোল্লা প্রমুখ।